# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

## বাকৃবি চত্বর, ময়মনসিংহ

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরনী।**

| | |
|---|---|
| সভার তারিখ | : ২৪-০১-২০২৬ খ্রি. |
| সময় | : দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : সভা কক্ষ |
| সভাপতি | : ড. শরিফুল হক ভূঞা<br>মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পিএসও এবং প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**২। আলোচ্যসূচি-২: রাজস্ব বাজেটের ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ব্যয় (রাজস্ব) বাজেটের অনুকূলে ৬৩.১৫২৬ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ২৮.৪৫১২ কোটি টাকা। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ২৪.২৮৬৫ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ৮৫.৩৬% এবং বরাদ্দকৃত অর্থের ৩৮.৪৫%।

**৩। আলোচ্যসূচি-৩: প্রকল্পসমূহের ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

**৩.১ "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন "বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের" অনুকূলে ৩৩.৬০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৬.৮০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ৭.৫৫ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ৪৪.৯৪% এবং বরাদ্দকৃত অর্থের ২২.৪৭%।

**৩.২ তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছর বাস্তবায়নাধীন "তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের" অনুকূলে ১.৪৯০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে আইবাস অনুযায়ী প্রাপ্যতা ০.৪৭০০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ০.১১৭৪ কোটি টাকা যা ছাড়কৃত অর্থের ২৪.৯৮% এবং বরাদ্দকৃত অর্থের ৭.৮৮%।

**৩.৩ "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন "পরমাণু কৌশলের মাধ্যমে হাওড়, চরাঞ্চল, লবণাক্ত ও পাহাড়ী এলাকা উপযোগী জলবায়ু পরিবর্তন সহনশীল জাত ও লাভজনক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং ফসলের নিবিড়তা বৃদ্ধির মাধ্যমে ফসলের উৎপাদন এবং বিভিন্ন অঞ্চলে অভিযোজন প্রকল্প" এর অনুকূলে ৬.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ১ম, ২য় ও ৩য় কিস্তিসহ মোট ৪.৫০ কোটি টাকা ছাড় হয়েছে। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ২.৪৮৫২ কোটি টাকা। যা ছাড়কৃত অর্থের ৫৫.২৩% এবং বরাদ্দকৃত অর্থের ৪১.৪২%।

**৩.৪ বিশ্ব ব্যাংক/ IFAD এর ঋণ অর্থায়নে "Establishment of Irradiation Center প্রকল্পের ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

"Establishment of Irradiation Center" প্রকল্পের অনুকূলে ১৪.৫০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তিতে ১১.০০ কোটি টাকা ছাড়করণ হয়েছে। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয় ৪.৬৮১৫ কোটি যা ছাড়কৃত অর্থের ৪২.৬৩% এবং বরাদ্দকৃত অর্থের ৩২.৩৪%।

**৪। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:**

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | বিনা'য় চলমান সকল প্রকল্প/কর্মসূচির খাতওয়ারী আর্থিক মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম কার্যদিবসের মধ্যে পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) দপ্তরে প্রেরণ করতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সকল প্রকল্প পরিচালক/ সমন্বয়ক/ কর্মসূচি পরিচালক |
| ৪.২ | বিনা'য় চলমান সকল প্রকল্প, কর্মসূচি এবং বিদেশি ফান্ডে পরিচালিত প্রকল্প/কর্মসূচির ডিপিপি'র একটি কপি মহাপরিচালকের দপ্তর এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা দিতে হবে। | প্রকল্প / কর্মসূচি পরিচালক |
| ৪.৩ | বিনা'য় চলমান বিভিন্ন প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত যন্ত্রপাতির বর্তমান অবস্থা সংক্রান্ত প্রতিবেদন সচিব বরাবর প্রেরণের উদ্দেশ্যে ৩ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি মেশিনগুলো কোন সোর্স থেকে ক্রয় করা হয়েছে, কবে ক্রয় করা হয়েছে, কতো টাকা, কাজ ইত্যাদি তথ্য একটি নির্দিষ্ট ফরম্যাটে প্রতিবেদন আকারে প্রস্তুত করে জমা প্রদান করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪ | বিনা'য় চলমান বিভিন্ন প্রকল্পের মনিটরিং কার্যক্রম নিয়মিতভাবে করতে হবে এবং মনিটরিং ক্যালেন্ডার তৈরি করে মহাপরিচালকের দপ্তরে জমা দিতে হবে। | প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক |
| ৪.৫ | মনিটরিং প্রতিবেদনগুলো মন্ত্রণালয়ের ফরম্যাট অনুযায়ী জমা দিতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি |
| ৪.৬ | জব ডেসক্রিপশন এবং ডেলিগেশন অফ পাওয়ার নিয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) |
| ৪.৭ | বিনা'র রাজস্ব এবং প্রকল্পের প্রশিক্ষণগুলো যথাযথভাবে আয়োজন নিশ্চিত করতে হবে। | ট্রেনিং অফিসার |

৫। **কৃষি মন্ত্রণালয়ের আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের নভেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার গৃহিত সিদ্ধান্ত:**

| ক্র. নং | সিদ্ধান্ত | বিনা কর্তৃক গৃহীত পদক্ষেপ |
|---|---|---|
| ৫.১ | এডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ধারাবহিকতা অব্যাহত রেখে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ সঠিকভাবে ব্যয় করতে হবে; | এডিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ধারাবহিকতা অব্যাহত রেখে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ সঠিকভাবে ব্যয় করা হচ্ছে। |
| ৫.২ | যে সকল প্রকল্পে আরএডিপি বরাদ্দের বিপরীতে অব্যয়িত অর্থ উপযোজন প্রয়োজন সে সকল প্রকল্পের উপযোজনের প্রস্তাব সংশ্লিষ্ট সংস্থা সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে; | নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৫.৩ | তামাক চাষকে নিরুৎসাহিত করে সেখানে অন্য ফসল উৎপাদনে উৎসাহিত করতে হবে। তামাক চাষে সার ও সেচ বন্ধ করা উদ্যোগ গ্রহণ করতে হবে; | তামাক চাষকে নিরুৎসাহিত করতে সেখানে কৃষকদের মাঝে বিনামূল্যে উচ্চমূল্য ফসল (বিনাসরিষা, বিনাবাদাম, বিনামুগ, বিনাধান) বীজ বিতরণ এবং প্রশিক্ষণ দেয়া হচ্ছে। |
| ৫.৪ | চলমান প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অর্থবছরভিত্তিক সুনির্দিষ্ট ও সময়নিষ্ঠ পরিকল্পনা গ্রহণ করে বাস্তবায়ন করতে হবে; | নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| ৫.৫ | কৃষিক্ষেত্রে সফলতার চিত্র তুলে ধরে তা প্রিন্ট, ইলেক্ট্রনিক এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে সম্প্রচার করতে হবে; | কৃষিক্ষেত্রে সফলতার চিত্র তুলে ধরে তা প্রিন্ট, ইলেক্ট্রনিক এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার অব্যাহত আছে। |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২.০২.২০২৬খ্রি.
(ড. শরিফুল হক ভুঞা)
মহাপরিচালক